ঘরে মুখ মলিন দেখে গলিস নে— ওরে ভাই,
বাইরে মুখ আঁধার দেখে টলিস নে— ওরে ভাই ॥
যা তোমার আছে মনে   সাধো তাই পরানপণে,
শুধু তাই দশজনারে বলিস নে— ওরে ভাই ॥
একই পথ আছে ওরে,   চলো সেই রাস্তা ধরে,
যে আসে তারই পিছে চলিস নে— ওরে ভাই !
থাক্‌-না আপন কাজে,   যা খুশি বলুক-না যে,
তা নিয়ে গায়ের জ্বালায় জ্বলিস নে— ওরে ভাই ॥

---

Parjaay: Swadesh, Raag: Baul

Visit www.geetabitan.com for notation and other detail